# Sanatan Dharma

---

**ধর্মের সঙ্গে কর্মের সম্পর্ক কী?**

"যজ্ঞার্থাৎ কর্মনোহন্যত্র লোকেহয়ং কর্মবন্ধনঃ।
তদর্থং কর্ম কৌন্তেয় মুক্তসঙ্গ সমাচার।।" (গীতা - ৩/৯)
অর্থাৎ,যজ্ঞ সম্পাদন করার জন্য কর্ম করা উচিৎ, অন্যথায় সেই সমস্ত কর্মই জীবকে দূঃখময় জড়-জগতের বন্ধনে আবদ্ধ করে। তাই হে কুন্তীপুত্র অর্জুন, মুক্তির জন্য কেবল তোমার কর্তব্য কর্ম অনুষ্ঠান কর এবং তার ফলে তুমি সর্বদা জড়-জগতের বন্ধন হতে মুক্ত হতে পারবে।

যে বিদ্যা বা শিক্ষা পরম জ্ঞান লাভ করতে সাহায্য করে না, তা ভ্রান্ত। যদি পরম জ্ঞান লাভের অভাব হয়, তাহলে বুঝতে হবে যে, সেই কর্ম ও সেই বিদ্যা ও সেই শিক্ষা সম্পূর্ণরূপে নিরর্থক।

Published on: Sep, 06 2024 12:14